প্রথম আলো

20 JAN 2016

# দলিত ছাত্রের আত্মহত্যায় উত্তপ্ত ভারতের রাজনীতি

ভারতের তেলেঙ্গানা রাজ্যের দলিত ছাত্র রোহিত ভেমুলার আত্মহত্যার ঘটনা নিয়ে উত্তপ্ত হয়ে উঠেছে রাজনীতি। বিরোধী দল কংগ্রেসের সহসভাপতি রাহুল গান্ধী গতকাল মঙ্গলবার ঘটনাস্থলে গিয়ে সংহতি জানিয়ে এ ঘটনায় অভিযুক্ত বিজেপির মন্ত্রীকে দায়ী করেন। আর এ ঘটনাকে 'রাজনৈতিক' রং দেওয়ার অভিযোগ তুলেছে বিজেপি। খবর টাইমস অব ইন্ডিয়ার।

তেলেঙ্গানার হায়দরাবাদ সেন্ট্রাল বিশ্ববিদ্যালয়ে রোহিত গত রোববার রাতে আত্মহত্যা করেন। তিনিসহ ওই বিশ্ববিদ্যালয়ের পাঁচ গবেষক-ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে গত বছরের আগস্টে আরেক ছাত্রকে হেনস্তার অভিযোগে বহিষ্কার করা হয়। ঘটনার পর প্রাথমিকভাবে বিশ্ববিদ্যালয়ের তদন্ত কমিটি রোহিত ও তাঁর সঙ্গীদের দায় থেকে মুক্তি দেয়। তবে পরে সিদ্ধান্ত প্রত্যাহার করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। রোহিতসহ পাঁচজনকে শ্রেণিকক্ষ এবং গবেষণাগার ছাড়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের অন্য কোথাও যেতে বারণ করা হয়। অভিযোগ আছে, কেন্দ্রীয় শ্রমমন্ত্রী বঙ্গারু দত্তত্রেয় ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আপ্পা রাও ওই শাস্তির পেছনে কলকাঠি নেড়েছিলেন। গতকাল হায়দরাবাদে গিয়ে রাহুল গান্ধী এ ঘটনার পেছনে দত্তত্রেয়র হাত রয়েছে বলে অভিযোগ করেন। তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের 'জাতিবিদ্বেষী ও চরমপন্থী' নীতির সমালোচনা করেন। গতকাল দিল্লি ও মুম্বাইয়ে এ ঘটনায় বিক্ষোভ হয়। তবে রাহুলের দ্রুত হায়দরাবাদ সফর এবং এ বিষয়ে অরবিন্দের মন্তব্যের সমালোচনা করেছেন বিজেপির সাধারণ সম্পাদক পি মুরলীধর রাও।